

আটঘরিয়া পৌরসভা কার্যালয়
আটঘরিয়া, পাবনা।

“শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন”

স্মারক নং- আপৌ/পাব/হাট-বাজার ইজারা-০১/২০২০/৪০,

তারিখ : ০২-০২-২০২০ ইং।

বাংলা ১৪২৭ সনের জন্য হাট-বাজার ও যানবাহন স্ট্যান্ডসমূহ “ইজারা বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাট-বাজার ইজারা নীতিমালা ও পৌর পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী আটঘরিয়া পৌরসভার নিয়ন্ত্রণাধীন হাট-বাজার (আটঘরিয়া হাটের এনসিডিপি প্রকল্পের আওতায় নির্মিত টিনসেড ঘর ব্যতিত) ও যানবাহন স্ট্যান্ডসমূহ (দেবোত্তর ও আটঘরিয়া বাজার স্ট্যান্ড) বাংলা ১৪২৭ সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) ০১ (এক) বছর মেয়াদে শর্ত সাপেক্ষে নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ইজারা তফসীল (বাংলা ১৪২৭ সাল)

ক্রঃ নং	হাট-বাজারের নাম	বাংলা ১৪২৭ সনের সম্ভাব্য মূল্য	৬% বৃদ্ধিসহ সরকারী ডাক মূল্য (পশু হাট সহ)	সিডিউল মূল্য (অফেরৎযোগ্য)
০১	আটঘরিয়া হাট-বাজার (পশু হাট, মৎস্য আড়ৎ ও পাট হাট সহ)	৪০,০০,০০০/-	৩০,৯৫,২০৫/-	৫,০০০/-
০২	দেবোত্তর হাট-বাজার	৫,০০,০০০/-	১,৮০,৭৩০/-	১,০০০/-
০৩	যানবাহন স্ট্যান্ডসমূহ (দেবোত্তর ও আটঘরিয়া বাজার স্ট্যান্ড)	১৫,০০,০০০/-	৯,৫৯,৬১৮/-	২০০০/-

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়
১ম বার	১৮-০২-২০২০ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত	১৯-০২-২০২০ ইং তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত
২য় বার	০১-০৩-২০২০ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত	০২-০৩-২০২০ ইং তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত
৩য় বার	১৫-০৩-২০২০ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত	১৬-০৩-২০২০ ইং তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত

ইজারা শর্তাবলী :-

- ১। দরপত্র সিডিউলে বর্ণিত দিনে অফিস চলাকালীন সময় পর্যন্ত আটঘরিয়া পৌরসভা কার্যালয় ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয় পাবনা, পুলিশ সুপারের কার্যালয়, পাবনা, উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা এবং সোনালী ব্যাংক লিঃ আটঘরিয়া শাখা, পাবনা এর কার্যালয় হতে উল্লেখিত নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। সরকারী ছুটি ও দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা যাবে না। বর্ণিত সময়সূচী মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) পাবনা, পুলিশ সুপারের কার্যালয়, পাবনা এবং উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা এর কার্যালয়ে দরপত্র জমা দেওয়া যাবে। দরপত্র বাত্র সিডিউল গ্রহণের দিন দুপুর ৩.০০ ঘটিকায় খোলা হবে।
- ২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে “মেয়র, আটঘরিয়া পৌরসভা, পাবনা”-এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায়, দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার ও স্ট্যান্ডসমূহ নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হবে।
- ৩। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর হিসাবে কোর্ড নং “১/১১৪১/০০৬০/০১১১” এ চালানের মাধ্যমে এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোগন কর) অর্থ কোড নং ১/১১৩৩/০০২০/০৩১১” এ চালানের মাধ্যমে অবশ্যই একসাথে পরিশোধ করতে হবে। পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় ইজারার জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৪। প্রথমবারে কোন ইজারা মহালের দাখিলকৃত দর অনুমোদিত হলে, সেক্ষেত্রে ২য় বা ৩য় বারে দাখিলকৃত দরপত্র (পুনঃ দরপত্র দাখিল) বাতিল বলে গণ্য হবে। অন্যথায়, ধারাবাহিকভাবে পুনঃ দরপত্র আহবান অব্যাহত থাকবে।
- ৫। সরকার অনুমোদিত খাজনা বা টোলরেট মোতাবেক খাজনা বা টোল আদায় করতে হবে।
- ৬। কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র বা সমুদয় দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ৭। বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্তাকারে প্রকাশিত হলো। বিধায়, বিস্তারিত তথ্যের জন্য পৌরসভা কার্যালয়ে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত-
(নিরোদ কর্মকার নিরু)
প্যানেল মেয়র-১

ও
আহবায়ক
দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটি
আটঘরিয়া পৌরসভা, পাবনা।